**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 20 May 2025** **TIME: 7:35 AM**

---

আসাম সরকারের পূর্বে অনুষ্ঠিত তৃতীয় এবং চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষার ফলাফলের পর এই পদগুলিতে নিযুক্তির জন্য ব্যবহারিক এবং মৈখিক পরীক্ষা আগামী ১৫ই জুন থেকে আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে জানান যে পরীক্ষার সম্পূর্ণ প্রক্রীয়া এক মাসের মধ্যে সম্পন্ন করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানান যে তৃতীয় শ্রেনীর পদে অর্ন্তভুক্ত চালক , ষ্টেনগ্রাফার এবং ইলেক্ট্রিসিয়ানদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা সহ চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে । এর জন্য সরকার প্রার্থীদের আনুষ্ঠানিক সব তথ্য সর্ম্পকে অবগত করবে ।

---

রাজ্যে পণ্য ও পরিষেবা কর , জি এস টি-র সংগ্রহ বৃদ্ধি করতে প্রয়োজনীয় এবং সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা অর্থ বিভাগকে নির্দেশ দিয়েছেন । গতকাল দিশপুর কর ভবণে আয়োজিত একটি পর্যালোচনা বৈঠকে পৌরহিত করে মূখ্যমন্ত্রী একই সঙ্গে কর সংগ্রেহের ক্ষেত্রে থাকা সমস্যাগুলি চিহ্নীত করে রাজস্ব সংগ্রহের সমগ্র ব্যবস্থাটিকে সুচল করে তোলার বিষয়টি নিশ্চিত করতে পর্যায়ক্রমে পাক্ষিক

বৈঠক অনুষ্ঠিত করতে রাজ্যের মুখ্য সচিব ডক্টর রবি কোটাকে নির্দেশ দিয়েছেন । বৈঠকে রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওয়গ ও উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা উচ্চাকাংখী জেলা হিসেবে নির্ধারিত সব লক্ষমাত্রা সন্তোষজনকভাবে অর্জন করতে সক্ষম হয়েছে । কেন্দ্রীয় জল শক্তি প্রতিমন্ত্রী ডক্টর রাজ ভূষন চৌধুরী গতকাল হাইলাকান্দিতে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে আয়োজিত পর্য্যালোচনা বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে একথা জানান । পর্য্যালোচনা সভায় জানানো হয় যে জেলার হাসপাতালগুলিতে প্রসবের হার বাড়ানোর ফলে মাতৃ মৃত্যুর হার কমানো সম্ভব হয়েছে । এছাড়া সভায় জানানো হয় যে হাইলাকান্দি জেলায় দু হাজার ছয়শ ১৩ জন কৃষক প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় উপকৃত হয়েছেন যা লক্ষ্য মাত্রার ৮৫ শতাংশ । সভায় সাংসদ কৃপানাথ মালা ও জেলার শীর্ষ আধিকারীকরা অংশগ্রহন করেন ।

---

মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশনের ভিত্তিতে বি-এড পাঠাক্রমে শিক্ষা গ্রহনে পাঠানোর ক্ষেত্রে সিনিয়রিটির বিষয়টি অগ্রাধিকার পাবে বলে মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় একটি নির্দেশনায় জানিয়েছে । নির্দেশনা অনুসারে অবসর গ্রহণ করার কম করে ৫ বছর বাকি থাকা এবং চাকুরিতে নিযুক্তির ৫ বছর সম্পূর্ণ করা শিক্ষকদের অর্ন্তভুক্ত করে বিদ্যালয়গুলির প্রধান শিক্ষকদের সিনিয়রিটির তালিকা পাঠাতে বলা হয়েছে । একই সঙ্গে এই নির্দেশনায় শিক্ষকরা তাদের ইচ্ছানুসারে ঈভড়ঢ়তশদন ইষয়ক্ষড়ন - এর মাধ্যমেও বি -এড ডিগ্রী লাভ করতে পারবেন বলে উল্লেখ করা হয়েছে । তবে সেই সব ঈভড়ঢ়তশদন ইষয়ক্ষড়ন - এর শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়ন কেন্দ্র আসামে থাকতে হবে বলেও জানানো হয়েছে ।

---

দেরগাওয়ের লাচিত বরফুন পুলিশ একাডেমীতে আজ পুলিশ সুপারদের একটি সম্মেলনের আয়োজন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অংশ গ্রহণ করবেন । উল্লেখ্য মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পরই ডক্টর শর্মা প্রতি ৬ মাসে আসাম পুলিশ সুপারদের সম্মিলন অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিলেন । মুখ্যমন্ত্রী রাজ্যে আইনের শাসন সুনিশ্চিত করার জন্য পুলিশ সুপারদের লক্ষ্য নির্ধারণ করে দিয়েছিলেন । আজ এই সম্মিলনে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মার বিভিন্ন জেলার পুলিশ সুপারদের কাছ থেকে বিগত সময়ের কাজ-কর্ম এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য গ্রহণ করার সম্ভাবনা রয়েছে ।

---

রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার উদ্যোগে উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের অধীন পূর্ত বিভাগের বিভিন্ন সড়ক নির্মান ও সংস্কারের জন্য ৩০ কোটী টাকা মঞ্জুর করা হয়েছে । বিজেপির প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য ইতিমধ্যে পূর্ত বিভাগের আধিকারীক ও নব নির্বাচিত পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের নিয়ে লামাজুয়ার এলাকা পরিদর্শন করে সড়ক নির্মানের কাজের তদারকি করেন । স্থানীয় জনসাধারনের পক্ষ থেকে মূখ্যমন্ত্রী বিশেষ উদ্যোগে সড়ক নির্মানের জন্য অর্থ বরাদ্দের উদ্যোগকে সাধুবাদ জানানো হয়েছে ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবানীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের

প্রয়াস করা হচ্ছে । আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে সমাজ কর্ম বিজয়ীনি ভট্টাচার্য্য আমাদের হাইকাকান্দি সংবাদদাতাকে জানান

--------বাইট ---------

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের সহকারী ডিভিশনাল ইঞ্জিনিয়ার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শ্রীভূমি জেলার কায়স্থগ্রাম এলাকার রেলের লেভেল ক্রসিং গেইট নম্বর থ্রি কে ডি-তে জরুরী ভিত্তিতে আগামী মঙ্গলবার রাত ১১টা থেকে বুধবার সকাল চারটা পর্য্যন্ত ডিপ ক্রিনিং ও ওভারহোলিং কাজ করা হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আজ রাত ১০টা থেকে বুধবার সকাল চারটা পর্য্যন্ত ৮ নম্বর জাতীয় সড়কে করিমগঞ্জ ও পাথারকান্দির মধ্যে যান চলাচল বন্ধ থাকবে ।এই সময়সীমায় শ্রীভূমির দিক থেকে যাওয়া ভারী যানবাহন বাকরশাল বাইপাসের বাবা হোটেলের নিকটে এবং পাথারকান্দি দিক থেকে যাওয়া ভারী যান মৈনা বাইপাসে আটকে রাখতে শ্রীভূমি জেলা পুলিশ বিভাগ থেকে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দিতে অনুষ্টিত নরুদ্দিন আহমেদ সিনিয়র আন্ত: জেলা ক্রিকেট প্রতিযোগীতার গতকালের শ্রীভুমি ও বঙ্গাইগাও-এর মধ্যের খেলা খারাপ আবহাওয়ার জন্য মাত্র ১৫ ওভার খেলা হয়েছে । প্রথমে ব্যাট করে শ্রীভূমি ৫ উইকেট হারিয়ে ৬১ রান করতে সক্ষম হয় । বৃষ্টির জন্য খেলা বন্ধ হওয়ার সময় সৈয়দ রেজাউল আলম ২০ ও অরিজিৎ দত্ত এক রানে ক্রিজে ছিলেন ।

---